

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
১৯৬/২, হাউজিং এস্টেট,  
উপশহর, রাজশাহী।  
[www.cevrajkshahi.gov.bd](http://www.cevrajkshahi.gov.bd)

### স্থান ও স্থাপনা ভাড়ার উপর মূসক প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর অধিক্ষেত্রভুক্ত রাজশাহী, পাবনা, বগুড়া, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ ও জয়পুরহাট জেলার অধিক্ষেত্রাধীন বাণিজ্যিকভাবে সকল স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী সরকারী প্রতিষ্ঠান, আধা-সরকারী প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা, এনজিও, আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানী, ১ (এক) কোটি টাকা বার্ষিক টার্টার্ডভারযুক্ত প্রতিষ্ঠান, শিক্ষাপ্রতিষ্ঠান এবং উৎপাদনকারী ব্যতিত অন্যান্য ব্যবসায়িক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, মূল্য সংযোজন কর ব্যবস্থায় “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার কোড \$০৭৪.০০ এর অন্তর্ভুক্ত একটি সেবা। প্রজ্ঞাপন এস, আর, ও নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক, তাৎ-০৬.০৭.২০১৩ এর মাধ্যমে উক্ত সেবার নিম্নরূপ সংজ্ঞা প্রদান করা হয়েছে।

#### “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী”:

ব্যাখ্যা—“স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” অর্থ এমন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা আবাসিক কাজে ব্যবহার্য নয় একুপ কোন স্থান বা স্থাপনা পর্যন্ত বিনিয়োগ নির্দিষ্ট মেয়াদে ব্যবহার করার অধিকারী। নির্দিষ্ট মেয়াদাতে নবায়নযোগ্য উক্তরূপ অধিকার অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে।”

উক্ত সেবার বিপরীতে নির্ধারিত ভাড়ার উপর ১৫% হারে মূসক প্রযোজ্য। তবে প্রজ্ঞাপন এস আর ও নং- ১৭৬-আইন/২০১৬/৭৫২-মূসক, তাৎ- ০২.০৬.২০১৬ এর টেবিল ৪ এ মূসক ব্যবস্থার আওতায় নির্বাচিত বা তালিকাভুক্ত প্রস্তুতকারক বা উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক কারখানা ভাড়া এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত অনধিক ১৫০ (একশত পঞ্চাশ) বর্গফুট আয়তনের কোন স্থাপনার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে বিধায় মূসক প্রযোজ্য নয়।

এমতাবস্থায়, উক্ত ব্যাখ্যার আলোকে মূসক আরোপযোগ্য সকল “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” কে ভাড়ার উপর ১৫% হারে মূসক ট্রেজারী চালানের মাধ্যমে অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০২০/০৩১১ তে সরকারী কোষাগারে জমা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

\* মূসক সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ : সদর দপ্তর : ০৭২১-৮৬১১০৫, রাজশাহী বিভাগ : ০৭২১-৭৭২৩৩০, পাবনা বিভাগ : ০৭৩১-৬৬৩১২, বগুড়া বিভাগ : ০৫১-৬১৪৭৩, নাটোর বিভাগ ০৭৭১-৬২৩৪১, নওগাঁ বিভাগ: ০৭৪১-৮১২৫৯, সিরাজগঞ্জ বিভাগ : ০৭৫১-৬৫০৮১, চাঁপাইনবাবগঞ্জ বিভাগ : ০৭৮১-৫২২২৯, জয়পুরহাট বিভাগ : ০৫৭১-৬২৯৮৮। e-mail : [cevraj93@yahoo.com](mailto:cevraj93@yahoo.com).

১৫.৫.১৫  
(আব্দুল মানান শিকদার)  
কমিশনার  
০৭২১-৭৬১০০১।  
E-mail: [cevraj93@yahoo.com](mailto:cevraj93@yahoo.com)

২০/৮/১৫